HRA থেকে উপলভ্য শেষকৃত্যের ভাতা সম্বন্ধে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন (Bengali)

বিষয় অনুযায়ী প্রশ্ন

শেষকৃত্যের ভাতা আবেদনের প্রক্রিয়া 1
HRA থেকে কে শেষকৃত্যের ভাতা পেতে পারেন 3
HRA শেষকৃত্যের ভাতার মধ্যে আওতাভুক্ত খরচ 3
অন্ত্যেষ্টিক্রিয়ার খরচের ক্যাপ 5
বিবিধ 5
সংস্থানসমূহ 6

শেষকৃত্যের ভাতা আবেদনের প্রক্রিয়া

1. আমি কীভাবে শেষকৃত্যের ভাতার জন্য আবেদন করবো?

শেষকৃত্যের ভাতা M-860w এর জন্য একটি সম্পূর্ণ করা আবেদনপত্র নিম্নরূপে সমাধি বিষয়ক পরিষেবা অফিস (Office of Burial Services)-এ পাঠিয়ে দেওয়া যেতে পারে:

শেষকৃত্যের ভাতার জন্য আবেদনপত্র দেখুন এবং আর কী HRA আওতাভুক্ত করবে তা দেখুন।

শেষকৃত্যের ভাতা আবেদনের ফর্মটির নির্দেশাবলী দেখুন।

ডাকযোগে: HRA Office of Burial Services
33-28 Northern Boulevard - 3rd Floor
Long Island City, NY 11101

ফ্যাক্স: **917-639-0476**

ইমেল: **BurialServices@hra.nyc.gov**

সশরীরে: উপরে দেওয়া ঠিকানায় বুধবারগুলিতে সকাল 9টা থেকে বিকাল 5টার মধ্যে, প্রয়োজন হলে।

আবেদনপত্রের একটি কপি প্রয়োজন হলে **929-252-7731** নম্বরে আমাদের ফোন করলে আমরা সেটি আপনার কাছে পাঠিয়ে দেবো। আমাদের ওয়েবসাইট থেকে আবেদনপত্রের বৈদ্যুতিক সংস্করণটি পূরণ করার জন্য আপনার সহায়তা প্রয়োজন হলেও আপনি আমাদের ফোন করতে পারেন।

(পরের পাতায় যান)

2. শেষকৃত্যের ভাতার জন্য আবেদন করার চূড়ান্ত সময়সীমা কবে?

বর্তমানে, মৃত্যুর তারিখের পর থেকে 120 দিনের মধ্যে HRA এর কাছে আবেদনগুলি পৌঁছাতে হবে। আবেদন গ্রহণের তারিখ হল ডাকযোগে, ইমেল, ফ্যাক্সের মাধ্যমে গ্রহণ করা বা কোনো কর্মী সদস্যের সাথে মিলে টেলিফোনে সম্পূর্ণ করা আবেদনের তারিখ। একটি জরুরি পরিস্থিতির নিয়ম 2রা মে, 2020 তারিখে জারি করা হয়েছিল এবং যতক্ষণ পর্যন্ত জরুরি পরিস্থিতির নিয়ম কার্যকর থাকবে ততক্ষণ 120-দিনের সময়ের ফ্রেম উপস্থিত থাকবে।

3. কী তথ্য এবং নথিপত্র আমাকে দিতে হবে?

আমাদের ওয়েবসাইট www1.nyc.gov/site/hra/help/burial-assistance.page দেখুন, এবং আমাদের ওয়েবসাইটের https://www1.nyc.gov/site/hra/help/burial-assistance.page-তে "সমর্থিত নথিসমূহ" এর বিভাগটি দেখুন

আবেদনটির প্রক্রিয়াকরণের জন্য অতিরিক্ত নথিপত্রের প্রয়োজন হতে পারে।

4. আমি ইতিমধ্যেই অন্ত্যেষ্টিক্রিয়ার হোম এর জন্য অর্থ প্রদান করেছি। আমি কি HRA ভাতার জন্য HRA এর কাছে আবেদন করতে পারি? আমাকে কী কী জমা দিতে হবে?

হ্যাঁ। আপনাকে একটি আবেদনপত্র এবং কিছু সমর্থিত নথি জমা দিতে হবে। আমাদের ওয়েবসাইট, https://www1.nyc.gov/site/hra/help/burial-assistance.page দেখুন, এবং আপনাকে কী ধরনের নথিপত্র জমা দিতে হতে পারে তা জানতে "সমর্থিত নথিসমূহ" এর বিভাগটি দেখুন।

5. আমি পরিষেবাদির জন্য অর্থ পরিশোধ করার আগে কি আমি শেষকৃত্যের ভাতার জন্য আবেদন করতে পারি?

হ্যাঁ, পরিষেবাদির জন্য আইটেম অনুযায়ী বিল বা চুক্তি পাওয়ার অবিলম্ব পরেই শেষকৃত্যের ভাতার জন্য একটি আবেদন জমা দেওয়া যেতে পারে।

6. আমি শুনেছিলাম ভাতার জন্য যোগ্যতা নির্ধারণ করতে একটি ইন্টারভিয়্যু এর ব্যবস্থা আছে। এটি কি COVID-19 এর সময়ও হচ্ছে? যদি তাই হয়, তাহলে কীভাবে?

হ্যাঁ, সমাধি বিষয়ক পরিষেবা অফিস টেলিফোনে ইন্টারভিয়্যু নেওয়ার ব্যবস্থা করছে এবং জমা দেওয়া নথিপত্রগুলি পর্যালোচনা করে দেখছে। এছাড়াও, সমাধি বিষয়ক পরিষেবা অফিস ফোন এবং ইমেলের মাধ্যমে আবেদনকারীদের সঙ্গে যোগাযোগ করছে।

7. একটি আবেদনের প্রক্রিয়া হতে কত সময় লাগে?

সমস্ত সমর্থিত নথিসমূহ সমেত একটি আবেদনপত্র সম্পূর্ণ করে HRA গ্রহণ করার পরে 30 দিনের মধ্যে আবেদনটির প্রক্রিয়া করা হবে।

8. কে শেষকৃত্যের ভাতা পাবেন?

আবেদনটি ইতিমধ্যে পরিশোধিত অন্ত্যেষ্টিক্রিয়ার ব্যয়ের জন্য হলে, শেষকৃত্যের ভাতা আবেদনকারীকে ইস্যু করা হবে। অন্ত্যেষ্টিক্রিয়ার খরচ এখনও পরিশোধ না করা হলে, অন্ত্যেষ্টিক্রিয়ার হোম অথবা শ্মশানের বকেয়া অর্থ পরিশোধের উদ্দেশ্যে পেমেন্ট ইস্যু করা হয়। যেকোনো ক্ষেত্রেই, মৃত্যুর সার্টিফিকেট প্রদান না করা পর্যন্ত পেমেন্ট ইস্যু করা যাবে না।

(পরের পাতায় যান)

HRA থেকে কে শেষকৃত্যের ভাতা পেতে পারেন

9. আমি কি আমার একজন মারা যাওয়া প্রিয়জনের সমাধিস্থ করা বা শবদাহের জন্য অর্থপ্রদানে সাহায্য পেতে পারি?

হ্যাঁ। যোগ্যতাসম্পন্ন কম উপার্জনকারী নিউ ইয়র্কবাসীদের অন্ত্যেষ্টির খরচ/সমাধি/শবদাহের জন্য অর্থপ্রদানে সাহায্য করতে সমাধি সহায়তা উপলব্ধ। শেষকৃত্যের ভাতার জন্য যোগ্যতার মানদণ্ড পূরণ করছেন কিনা তা দেখতে অন্যান্য নথিপত্র সমেত, আবেদনগুলি পর্যালোচনা করে দেখা হবে।

10. শেষকৃত্যের ভাতার জন্য আবেদন করতে কি আমাকে একজন নাগরিক হতে হবে? আর আমার প্রিয়জন একজন নাগরিক না হলে কী হবে?

আপনার বা মৃত ব্যক্তি কারোরই নাগরিক হওয়ার প্রয়োজন নেই। সমাধি সহায়তা বর্তমানে নাগরিকত্ব বা অভিবাসনের স্থিতি নির্বিশেষে সমস্ত যোগ্য আবেদনকারীদের জন্য উপলভ্য।

HRA শেষকৃত্যের ভাতার মধ্যে আওতাভুক্ত খরচ

11. কোন খরচগুলি শেষকৃত্যের ভাতা আওতাভুক্ত করে?

শেষকৃত্যের ভাতা অন্ত্যেষ্টি এবং সমাধি সম্পর্কিত খরচের জন্য $1,700 পর্যন্ত আওতাভুক্ত করে, যার জন্য আবেদনকারী অন্ত্যেষ্টিক্রিয়ার হোম, শ্মশান বা গোরস্থান থেকে পাওয়া একটি আইটেম নির্ভর ইনভয়েস প্রদান করতে পারে, যতক্ষণ পর্যন্ত মোট ব্যয় খরচের ক্যাপের মধ্যে থাকে (নিচে FAQ 18 দেখুন)।

12. শেষকৃত্যের ভাতায় কি শবদাহের পরিষেবাদিও আওতাভুক্ত?

হ্যাঁ, যতক্ষণ অন্যান্য মানদণ্ড পূরণ হচ্ছে ততক্ষণ শবদাহের পরিষেবাদি আওতাভুক্ত হবে।

13. আবেদন পর্যালোচনা ও প্রক্রিয়াকরণ হওয়াকালীন অপেক্ষা করার সময় আপনারা কি ডাউন পেমেন্টের জন্য ফান্ড দেন?

না। যে কেসগুলিতে মৃত ব্যক্তির শেষকৃত্য এখনও হয়নি, সেখানে প্রাক-অনুমোদিত পত্র জারি করা যেতে পারে।

14. HRA এর শেষকৃত্যের ভাতায় কী মৃত ব্যক্তিকে স্টেটের বাইরে (আউট-অফ-স্টেট) সমাধিস্থ করার পরিস্থিতিগুলি আওতাভুক্ত হয়?

যোগ্যতার সমস্ত মানদণ্ড পূরণ হলে ($3,400 ক্যাপ সমেত), HRA এর শেষকৃত্যের ভাতা পাওয়ার জন্য মৃত ব্যক্তিকে স্টেটের বাইরে সমাধিস্থ করা হয়েছে তথ্যটি কোনো বাধা সৃষ্টি করবে না।

15. আমি আমার প্রিয়জনের মরদেহ অন্য দেশ বা রাজ্যে পাঠাতে চাই। এটি কি আওতাভুক্ত খরচ?

হ্যাঁ। NYC এর বাইরে সমাধিস্থ বা দাহ করার জন্য একজন নিউ ইয়র্ক সিটির বাসিন্দার যোগ্য খরচগুলি আওতাভুক্ত করতে শেষকৃত্যের ভাতা ব্যবহার করা যেতে পারে। এছাড়াও শেষকৃত্যের ভাতা অন্ত্যেষ্টি সম্পর্কিত পরিবহনের খরচের জন্যও ব্যবহার করা যেতে পারে, যতক্ষণ পর্যন্ত খরচের ক্যাপ (নিচে FAQ 18 দেখুন) এর মধ্যে মোট খরচ থাকবে এবং নির্দিষ্ট খরচটি আইটেম ভিত্তিক বিলের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে।

(পরের পাতায় যান)

16. আমাকে কি Hart Island থেকে মৃত ব্যক্তিকে সরানোর জন্য অর্থ প্রদান করতে হবে? আমি কি শেষকৃত্যের ভাতার জন্য আবেদন করতে পারি?

না, NYC এর সংশোধনী বিভাগ (Department of Correction, DOC) মৃত ব্যক্তির স্থান নির্দিষ্ট করা এবং তার মৃতদেহ কবর থেকে তোলার জন্য অর্থমূল্য ধার্য করে না। নিচে DOC ওয়েবসাইটের দেওয়া বিবৃতি দেখুন। হ্যাঁ, মৃত ব্যক্তিকে কবর থেকে তুলে পুনরায় সমাধিস্থ করার সাথে সম্পর্কিত অন্ত্যেষ্টিক্রিয়ার খরচের জন্য শেষকৃত্যের ভাতার জন্য আবেদন করা যেতে পারে।

DOC ওয়েবসাইটের বিবৃতি:

মৃতদেহ কবর থেকে উত্তোলন:

Hart Island-এ কোনো প্রিয়জনকে সমাধিস্থ করা হয়েছে বলে নিশ্চিত করার পরে, পরিবার মৃতদেহ কবর থেকে তুলে ব্যক্তিগত গোরস্থানের মতো অন্য কোথাও পুনরায় সমাধিস্থ করার অনুরোধ করতে পারে। বিভাগ মৃত ব্যক্তির স্থান নির্দিষ্ট করা এবং তার মৃতদেহ কবর থেকে তোলার জন্য অর্থমূল্য ধার্য করে না।

আপনার প্রিয়জনের স্থানান্তর এবং পুনরায় সমাধিস্থ করার ব্যবস্থা করতে, আপনাকে একজন লাইসেন্স প্রাপ্ত অন্ত্যেষ্টিক্রিয়ার পরিচালকের (funeral director) সঙ্গে যোগাযোগ করতে হবে, যিনি পরিষেবাদির জন্য একটি অর্থমূল্য ধার্য করবেন। অন্ত্যেষ্টিক্রিয়ার পরিচালক স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ এর ভাইটাল রেকর্ডস অফিস (Office of Vital Records) থেকে মৃতদেহ কবর থেকে উত্তোলনের অনুমতিপত্র অর্জনে সাহায্য করবেন। একবার অনুমতিপত্র মঞ্জুর হয়ে গেলে, অন্ত্যেষ্টিক্রিয়ার পরিচালককে নিম্নলিখিত নথিপত্র সংশোধনী বিভাগের ঠিকানায় পাঠিয়ে দিতে হবে:

1. মৃতদেহ কবর থেকে উত্তোলনের আসল অনুমতিপত্র।
2. লাইসেন্স প্রাপ্ত অন্ত্যেষ্টিক্রিয়ার হোমের থেকে মৃতদেহ কবর থেকে উত্তোলনের জন্য লেটারহেডে একটি বিধিবৎ অনুরোধ।

এই দুটি (2) নথি ডাকযোগে পাঠানোর ঠিকানা হল:

NYC Department of Correction
Facility Maintenance and Repair Division
75-20 Astoria Boulevard
Elmhurst, NY 11370

সংশোধনী বিভাগ মৃতদেহ কবর থেকে উত্তোলন এবং মরদেহ স্থানান্তরের জন্য অন্ত্যেষ্টিক্রিয়ার হোমের সঙ্গে সমন্বয়সাধনের উদ্দেশ্যে সময় নির্ধারণ করবে। আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে (718) 546-0911 ফোন করে অথবা hartisland@doc.nyc.gov-তে ইমেল করে Hart Island ইনফর্মেশন লাইনের মাধ্যমে গণপরিষদ এবং অভিযোগ পরিষেবাদি বিষয়ক অফিস (Office of Constituent and Grievance Services) এর সঙ্গে যোগাযোগ করুন।

17. আমি কীভাবে Hart Island থেকে অন্য স্থানে অথবা শবদাহের জন্য আমার পরিবারের সদস্যকে স্থানান্তরের ব্যবস্থা করবো?

অনুগ্রহ করে এখানে নিউ ইয়র্ক সিটির সংশোধনী বিভাগ (DOC) এর ওয়েবসাইট দেখুন: https://www1.nyc.gov/site/doc/about/hart-island.page.

(পরের পাতায় যান)

অন্ত্যেষ্টিক্রিয়ার খরচের ক্যাপ

18. অন্ত্যেষ্টিক্রিয়ার খরচের ক্যাপ কী?

$3,400 এর বেশি খরচ সম্পন্ন অন্ত্যেষ্টি//সমাধির জন্য শেষকৃত্যের ভাতা প্রযোজ্য হতে পারে না। তবে, এই ক্যাপে নির্দিষ্ট কিছু খরচের হিসাব করা হয় না। অতিরিক্ত তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের অফিসের **(929) 252-7731** নম্বরে যোগাযোগ করুন।

19. কম উপার্জন সম্পর্কিত অন্ত্যেষ্টিক্রিয়ার বিকল্পের জন্য আমি কার সঙ্গে যোগাযোগ করবো? আর অন্ত্যেষ্টিক্রিয়ার হোম যদি মোট খরচ $3,400 ক্যাপের মধ্যে করতে পারবে না বললে কী হবে?

অন্ত্যেষ্টির সংস্থান সম্পর্কিত তথ্য স্টেট এবং ফেডারেলের প্রাক্তন সমরকর্মীদের প্রশাসন বা NYS এর অপরাধমূলক শিকারের ফান্ড থেকে পাওয়া যেতে পারে (নিচে সংস্থান এর তালিকা দেখুন)। উপরন্তু, কিছু ধর্মীয় প্রতিষ্ঠান বিনামূল্যে সমাধিস্থ করার সুযোগ দেয়। খরচ কমানোর জন্য আর কী বিকল্প পাওয়া যাচ্ছে তা দেখতে আমরা অন্ত্যেষ্টির পরিষেবা প্রদানকারীর নিকটে থেকে কাজ করার জন্য ব্যক্তিদের উৎসাহিত করে থাকি।

বিবিধ

20. আমি কীভাবে মৃত্যুর সার্টিফিকেট পাবো?

যখন আপনি অন্ত্যেষ্টির ব্যবস্থাপনা করেন তখন সাধারণত অন্ত্যেষ্টিক্রিয়ার পরিচালক মৃত্যুর সার্টিফিকেটের অর্ডার দেন। এছাড়াও আপনি দেখতে পারেন
https://www1.nyc.gov/site/doh/services/death-certificates.page।
মৃত ব্যক্তি নিউ ইয়র্ক সিটির বাইরে মারা গেলে, সেই বিচার ব্যবস্থার এক্তিয়ারে থাকা স্থানীয় সরকারি কর্তৃপক্ষের সঙ্গে আপনাকে যোগাযোগ করতে হবে।

21. আপনারা কীভাবে আমার ব্যক্তিগত তথ্য সুরক্ষিত করবেন?

আপনার গোপনীয়তা আমাদের কাছে গুরুত্বপূর্ণ। আপনার ব্যক্তিগত তথ্য ফেডারেল, স্টেট এবং স্থানীয় গোপনীয়তার আইনগুলির দ্বারা সুরক্ষিত। আমরা আপনার জমা করা সমস্ত তথ্য গোপনীয় এবং নিরাপদ রাখবো।

22. আমি পাবলিক চার্জ সম্বন্ধে চিন্তিত। শেষকৃত্যের ভাতার জন্য আবেদন কি নেগেটিভভাবে আমার গ্রীন কার্ডের আবেদনে প্রভাব ফেলবে?

এই ভাতা গ্রহণের ফলে কীভাবে আপনার অভিবাসন স্থিতিতে প্রভাব পরবে সম্বন্ধে আপনার প্রশ্ন থাকলে, বিনামূল্যে, গোপনীয় ActionNYC হটলাইনের 1-800-354-0356 নম্বরে ফোন করে "পাবলিক চার্জ" বলতে পারেন। এই হটলাইনটি সোমবার থেকে শুক্রবার সকাল 9:00টা থেকে সন্ধ্যা 6:00টা পর্যন্ত উপলভ্য।

23. এই ভাতায় কি অর্থ পরিশোধ করতে হবে?

আইনত দায়বদ্ধ নয় এমন আত্মীয়কে ভাতার অর্থ পরিশোধ করতে হবে না। যদি কোনো আইনত দায়বদ্ধ আত্মীয় থাকেন যিনি সমাধি বা শবদাহের জন্য অর্থ প্রদান করতে পারেন, সেক্ষেত্রে স্টেটের আইন অনুযায়ী, HRA সেই আইনত দায়বদ্ধ আত্মীয়ের কাছ থেকে অর্থরাশি পুনরুদ্ধার করতে পারে। উপরন্তু, মৃত ব্যক্তির এস্টেট বা সম্পদ/সম্পত্তি থাকলে, স্টেটের আইন অনুযায়ী, HRA এস্টেটের বদলে অর্থের দাবি করতে পারে।

(পরের পাতায় যান)

24. আমি আগে কখনও কর দাখিল করিনি। আমি কীভাবে আমার আয় প্রমাণ করবো?

আপনি আইনিভাবে দায়বদ্ধ আত্মীয় হলে (নিচে সংজ্ঞা দেখুন), আপনাকে আপনার আর্থিক তথ্য প্রদান করতে হবে এবং নিজের কীভাবে ভরণপোষণ হয় তা বর্ণনা করতে হবে। আবেদন প্রক্রিয়া চলাকালীন আপনাকে আপনার আয়, কর্মনিযুক্তির স্থিতি, সম্পদ/সম্পত্তি এবং আপনার পরিবারে থাকা পরিবারের সদস্য সংখ্যা সম্বন্ধে জিজ্ঞাসা করা হবে। কিছু তথ্য অন্য এজেন্সি থেকেও অনুরোধ করা হতে পারে।

স্টেটের আইন অনুযায়ী, আইনিভাবে দায়বদ্ধ আত্মীয় (Legally Responsible Relative, LRR) হলেন যিনি মৃত ব্যক্তির সাথে আইনত বিবাহিত অথবা একুশ বছরের (21) কমবয়সী মৃত ব্যক্তির পিতা-মাতা বা আইনি অভিভাবক। একজন LRR নিজ সামর্থ অনুযায়ী যতদূর সম্ভব মৃত ব্যক্তির শেষকৃত্যের খরচ দেওয়ার জন্য দায়বদ্ধ।

সংস্থানসমূহ

1. একটি অন্ত্যেষ্টিক্রিয়ার আয়োজন বিষয়ে তথ্যের জন্য NYS এর স্বাস্থ্য বিভাগ এর ওয়েবসাইট https://www.health.ny.gov/publications/0704/ দেখুন
   "কোনো অন্ত্যেষ্টিক্রিয়া আয়োজনের উদ্দেশ্যে একজন গ্রাহকের নির্দেশিকা" (A Consumer's Guide to Arranging a Funeral) - https://www.health.ny.gov/publications/0704.pdf

2. "অন্ত্যেষ্টিক্রিয়া ব্যবস্থা করার আগে, আপনার অধিকার সম্বন্ধে জানুন" (Before Prepaying Your Funeral, Know Your Rights) https://www.health.ny.gov/publications/0703.pdf

3. NYC এর প্রাক্তন সমরকর্মী পরিষেবা বিভাগ - http://www.nysfda.org/images/COVID-19/cidD70B349D-C99A-4C62-BBFA-FCFD38C0BD99.pdf

4. NYS এর প্রাক্তন সমরকর্মীদের পরিষেবা দপ্তর – https://veterans.ny.gov/content/indigent-burial-reimbursements

5. মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাক্তন সমরকর্মী বিষয়ক বিভাগ – https://www.benefits.va.gov/compensation/claims-special-burial.asp

6. NYS ভিকটিম পরিষেবাদির অফিস (NYS Office of Victim's Services) - https://ovs.ny.gov/

7. NYC ওয়েল (NYC Well) - https://nycwell.cityofnewyork.us/en/